**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
এডুকেশনাল এক্সিলেন্স সাপোর্ট স্কিম (EESS), এসইডিপি
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
E-mail: eespsedp@gmail.com

স্মারক: ইইএসএস/এসইডিপি/শোকেজিং প্রোগ্রাম/৭৩/২০২৬/২২২

তারিখ: ১০ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: 'এডুকেশনাল এক্সিলেন্স সাপোর্ট স্কিম (EESS)'-এর আওতায় জাতীয় পর্যায়ে আয়োজিত Startup, Science Project and Innovation Idea Showcasing প্রোগ্রামে অংশগ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি)-এর আওতাভুক্ত এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "এডুকেশনাল এক্সিলেন্স সাপোর্ট স্কিম (EESS)"-এর আওতায় আয়োজিত "Startup, Science Project and Innovation Idea Showcasing" প্রোগ্রামের জাতীয় পর্যায়ের অনুষ্ঠান আগামী ২৯ জুন ২০২৬ খ্রি. তারিখ দিনব্যাপী বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হবে। **অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।** অনুষ্ঠান সফলভাবে আয়োজনের জন্য ২৮ জুন ২০২৬ তারিখে একই ভেন্যুতে মহড়া অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠান ও মহড়ায় অংশগ্রহণের জন্য নির্বাচিত শিক্ষার্থী, শিক্ষক, প্রতিষ্ঠানপ্রধানসহ মাঠ পর্যায়ের অন্যান্য কর্মকর্তাদের নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে-

১। জেলা ও মহানগরের থানা পর্যায়ে নির্বাচিত ১০১ টি দলের শিক্ষার্থী ও শিক্ষকগণ (প্রতি দলে ৩ জন শিক্ষার্থী ও ২ জন শিক্ষকসহ ৫ জন) ২৭ জুন ২০২৬ খ্রি. তারিখ সন্ধ্যা ৭.০০ টার মধ্যে নির্ধারিত আবাসনে রিপোর্ট করবে। প্রতি দলের আবাসনস্থল এবং উক্ত আবাসনের সমন্বয়কারী/তত্ত্বাবধানকারী কর্মকর্তার নাম ও ফোন নম্বরসহ তালিকা দ্রুত পত্রের মাধ্যমে অবহিত করা হবে।

২। ২৮ জুন সকাল ৭:৩০ টায় অংশগ্রহণকারী দলসমূহ বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে রিপোর্ট করবে। আবাসনে অবস্থানকারী দলের শিক্ষার্থী ও শিক্ষকগণ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের ব্যবস্থাপনায় আবাসন থেকে ভেন্যুতে যাতায়াত করবেন। তাদের জন্য পরিবহণের ব্যবস্থা করা হবে।

৩। দলের সদস্যরা তাদের নির্ধারিত স্টলে অবস্থান করে প্রোজেক্ট প্রস্তুত করে উপস্থাপন করবে। দলের সাথে অংশগ্রহণকারী শিক্ষার্থী ও শিক্ষকগণের রেজিস্ট্রেশন নিজ নিজ স্টলে সম্পন্ন করবে। অন্য অংশগ্রহণকারীগণ (উপজেলা ও থানার বিজয়ী দলের শ্রেষ্ঠ শিক্ষক ২ জন, বিজয়ী দলের প্রতিষ্ঠান প্রধান, বিজয়ী দলের সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার/দায়িত্বপ্রাপ্ত অফিসার, জেলা শিক্ষা অফিসার, আঞ্চলিক উপপরিচালক (মাধ্যমিক/কলেজ) এবং আঞ্চলিক পরিচালকগণ) সকাল ৯:০০ টা থেকে তাদের জন্য নির্ধারিত বুথে রেজিস্ট্রেশন সম্পন্ন করবেন।

৪. রেজিস্ট্রেশনের জন্য প্রত্যেকের দুই কপি পাসপোর্ট সাইজ ছবি, NID বা জন্মনিবন্ধন কার্ডের কপি, পুরস্কারের জন্য মনোনীত শিক্ষক ও শিক্ষার্থীগণ কর্তৃক ইতোপূর্বে প্রদানকৃত ব্যাংক একাউন্টের চেক বইয়ের কভার পৃষ্ঠার ফটোকপি, মোবাইল ফোন নম্বর সাথে নিয়ে আসতে হবে। রেজিস্ট্রেশনের সময় প্রত্যেক অংশগ্রহণকারীকে পরিচয়পত্র/ প্রবেশ কার্ড ও ফুড কুপন প্রদান করা হবে, যা মহড়া ও মূল প্রোগ্রামে অবশ্যই সঙ্গে রাখতে হবে।

৫। অংশগ্রহণকারী দলের উপস্থাপনের মধ্য থেকে ২৮ জুন সকাল ৯:০০ টা থেকে জাতীয় পর্যায়ে গঠিত বিচারকমন্ডলী কর্তৃক বিচারকার্য শুরু করবেন। ২৯ জুন মূল প্রোগ্রামের দিন মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে সেরা ১০ টি দলের নাম ঘোষণা করা হবে এবং বিজয়ী দলসমূহ মাননীয় প্রধানমন্ত্রীর নিকট থেকে পুরস্কার গ্রহণ করবে।

৬। বিচারকার্য সম্পন্ন হবার পরে ২৮ জুন ২০২৬ খ্রি. তারিখ বেলা ১.০০ টায় মূল প্রোগ্রামে অংশগ্রহণের প্রস্তুতি হিসেবে প্রাথমিক মহড়ায় অংশগ্রহণ করতে হবে। প্রথম মহড়ার পরপরই চূড়ান্ত মহড়ার আয়োজন করা হবে। মহড়া সম্পন্ন হবার পরে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের ব্যবস্থাপনায় নিজস্ব পরিবহণে তাদেরকে নির্ধারিত আবাসনে নিয়ে যাওয়া হবে।

৭। আবাসনে অবস্থানকারী দলের সদস্যদের ২৯ জুন ২০২৬ খ্রি. তারিখে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তত্ত্বাবধানে সকাল ৭.৩০ টার মধ্যে আবাসন থেকে অনুষ্ঠানস্থল- বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে নিয়ে আসা হবে। প্রতিযোগীগণ সকাল ৮:০০ টায় পুণরায় তাদের নির্ধারিত স্টলে তাদের প্রোজেক্ট উপস্থাপন করবে, যা মাননীয় প্রধানমন্ত্রীসহ অতিথিগণ পরিদর্শন করবেন।

৮। আয়োজনকারী কর্তৃপক্ষ শুধুমাত্র জাতীয় প্রোগ্রামে অংশগ্রহণকারী ১০১ টি দলের শিক্ষার্থী ও শিক্ষকের (প্রতি দলে ৩ জন শিক্ষার্থী ও ২ জন শিক্ষকসহ ৫ জন) আবাসন, অভ্যন্তরীণ পরিবহণ ও খাবারের ব্যবস্থা করবে। অন্য আমন্ত্রিত শিক্ষক ও কর্মকর্তাদের ২৮ জুন দুপুর ও ২৯ তারিখ দুপুরের খাবারের ব্যবস্থা করবে।

৯। ২৯ জুন ২০২৬ খ্রি. তারিখে মূল প্রোগ্রামে অংশগ্রহণের জন্য প্রতিযোগী ব্যতীত অন্যদের অবশ্যই সকাল ৮ টার মধ্যে বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে প্রবেশ করে নির্ধারিত আসনে বসতে হবে।

১০। অনুষ্ঠান শেষে প্রতিযোগী দলসমূহকে নির্ধারিত আবাসনে পৌঁছানো হবে এবং সন্ধ্যা ৬:০০ টার মধ্যে দলের শিক্ষকদের তত্ত্বাবধানে আবাসনস্থল ত্যাগ করবে।

জেলা শিক্ষা অফিসারগণ সংশ্লিষ্ট জেলার দলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা। তিনি অংশগ্রহণকারী দলকে চাহিত সহায়তা দিয়ে জাতীয় প্রোগ্রামে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২৪.০৬.২৬

(প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল)
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

জেলা শিক্ষা অফিসার (সকল)

স্মারক: ইইএসএস/এসইডিপি/শোকেজিং প্রোগ্রাম/৭৩/২০২৬/২২২

তারিখ: ১০ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও প্রোগ্রাম কো-অর্ডিনেটর, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা;
৪. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৫. আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৬. জেলা প্রশাসক (সকল);
৭. আঞ্চলিক উপপরিচালক (কলেজ/মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৮. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট উপজেলা/থানা);
৯. প্রতিষ্ঠান প্রধান, ......................................;
১০. জনাব ...........................................;
১১. অফিস কপি।

24.06.2026

(প্রফেসর মো: তোফাজ্জেল হোসেন)
স্কিম পরিচালক
ফোন: ০২-২২৬৬৩৭৩০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
রাজশাহী
*www.deo.rajshahi.gov.bd*

স্মারক নং : জেশিঅ/রাজ/১১৯৬ তারিখ: ২৫/০৬/২৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। স্কিম পরিচালক, এডুকেশনাল এক্সিলেন্স সাপোর্ট স্কিম (EESS), এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘা/বাগমারা/চারঘাট/দূর্গাপুর/গোদাগাড়ী/মোহনপুর/পবা/পুঠিয়া/তানোর/বোয়ালিয়া/মতিহার রাজশাহী।
(পত্রটি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো)।

৫। অফিস নথি।

সংযুক্ত : ০২ পাতা ।

২৫/৬/২৫

(মোঃ জায়েদুর রহমান)
জেলা শিক্ষা অফিসার
রাজশাহী
ফোন: ০২৫৮৮৮৫৬২৫৩
ইমেইল : *deorajshahi@yahoo.com*